

নং-১৪.৩৩.০০০০.০২৯.১৭.০০১.১৮-১৮৭

তারিখঃ ০৩/০৪/২০২৪ খ্রিঃ

প্রেস রিলিজ**বিটিসিএল এর .bd ডোমেইনে কারিগরি ত্রুটি
সার্ভিস চালুর ব্যবস্থা নেয়া হচ্ছে শীঘ্রই**

ঢাকা, ০৩ এপ্রিল, ২০২৪: বিটিসিএল এর .bd ডোমেইন সার্ভিস আজ সকাল ৮:৪০ থেকে কারিগরি ত্রুটির কারণে বন্ধ আছে। তবে .বাংলা ডোমেইন সার্ভিস যথারীতি চালু আছে। ত্রুটি নিরসনের জন্য কারিগরি টিম কাজ করছে। আশা করা যায় সার্ভিসটি খুব দ্রুতই চালু করা সম্ভব হবে।

.bd ডোমেইন সার্ভিস বন্ধের ফলে বিভিন্ন সরকারি ও বেসরকারি ওয়েবসাইটের কার্যক্রম বিঘ্নিত হওয়ায় সম্মানিত গ্রাহকবৃন্দের সাময়িক অসুবিধার জন্য বিটিসিএল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

(মীর মোহাম্মদ মোরশেদ)
০৩-৪-২০২৪
জেনারেল ম্যানেজার (জনসংযোগ ও প্রকাশনা)
ফোনঃ ০২-৪১০৩০৪৮৫